

## ভারতে রাষ্ট্রীয় সফরে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী (এপ্রিল ০৯-১২, ২০১৭)

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী, মাননীয় জনাব ম্যালকম টার্নবুল, এমপি, প্রধানমন্ত্রীর আমন্ত্রণে আমন্ত্রণে ভারতে রাষ্ট্রীয় সফর করবেন ৯-১২ এপ্রিল।

এটা প্রধানমন্ত্রী টার্নবুল-এর এটাই প্রথম ভারত সফর। প্রাক্তন প্রধানমন্ত্রী টনি অ্যাবট ভারত সফর করেছিলেন সেপ্টেম্বর ২০১৪, এবং সেই সফরের অনুসরণে আমাদের প্রধানমন্ত্রী সেই বছরের নভেম্বরে অস্ট্রেলিয়া সফর করেন।

জি-২০ বৈঠকের ফাঁকে প্রধানমন্ত্রী টার্নবুল এবং প্রধানমন্ত্রী মোদি বৈঠক করেন আন্টালায় ২০১৫ এবং ২০১৬ তে হাংনৌয়ে।

সফরকালে প্রধানমন্ত্রীকে রাষ্ট্রপতি ভবনে একটি গার্ড এফ অর্নার দেওয়া হবে ১০ এপ্রিল, তার পর রাজধানী মহাত্মা গান্ধীর সমাধিতে শ্রদ্ধা জানাবেন। তার সঙ্গে সাক্ষাৎ করবেন পররাষ্ট্র মন্ত্রী এবং তার পরই দুই প্রধানমন্ত্রীর সীমিত এবং প্রতিনিধি পর্যায়ে বৈঠকের করবেন। এছাড়াও তিনি সাক্ষাৎ করবেন মহামান্য রাষ্ট্রপতি এবং উপ রাষ্ট্রপতির সঙ্গে। প্রধানমন্ত্রী অস্ট্রেলীয় প্রধানমন্ত্রী এবং তার প্রতিনিধি দলের সম্মানার্থে একটি ভোজসভার আয়োজন করবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী সফর করবেন মুম্বইয়ে, সেখানে মহারাষ্ট্রের রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করবেন এবং সেখানে শক্তি পুনর্বিকরণ এবং বিশিষ্ট ব্যবসায়ী নেতৃবৃন্দ-এর সঙ্গে আলোচনা-সহ বেশ কয়েকটি অনুষ্ঠানে যোগ দেবেন।

আপনারা অবগত আছেন যে, আজ ভারত-অস্ট্রেলিয়ার সম্পর্ক প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা থেকে পরিবেশ, জল ব্যবস্থাপনা, ক্রীড়া, জ্বালানি এবং শিক্ষা পর্যন্ত একটি বিস্তৃত ক্ষেত্রে আবৃত করে আছে। আমাদের প্রধানমন্ত্রী অস্ট্রেলিয়া সফরে গিয়ে যে কার্যসম্পাদন করেছিলেন এবং আমাদের সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে পদক্ষেপ করেছিলেন, তা এই সফরে আরও মজবুত হবে।

আগের থেকে এখন ভারত-অস্ট্রেলিয়া সম্পর্ক আরও জোরাল ও বহুমুখী, যা

উভয় প্রধানমন্ত্রী এবং উভয় সরকার আরও এগিয়ে নিয়ে যাওয়ার পক্ষপাতি। যার দৃষ্টান্ত স্বরূপ বেশ কিছু মউ এবং নিরাপত্তা, পরিবেশ, ক্রীড়া, বিজ্ঞান এবং প্রযুক্তি ও স্বাস্থ্য প্রভৃতি ক্ষেত্রে বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষরিত হবে।

আর্থিক এবং বাণিজ্যিক উন্নয়নের বিশাল সম্ভাবনা রয়েছে উভয় পক্ষের, তাই আশা করা হচ্ছে, অস্ট্রেলিয়া থেকে একটি উচ্চ পর্যায়ের বাণিজ্যিক প্রতিনিধি দল আসবে। অস্ট্রেলিয়া প্রায় ৭ বিলিয়ান মার্কিন ডলার ভারতে বিনিয়োগ করেছে।

আমরা অস্ট্রেলিয়ার সঙ্গে যৌথভাবে শিক্ষা এবং দক্ষতা উন্নয়নে কাজ করছি। অত্যন্ত মেধাবী ছাত্ররা যায় অস্ট্রেলিয়ায়, যা উভয় দেশের শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতা, যুগ্ম গবেষণা, ভারত ও অস্ট্রেলিয়ার সরকারি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে সংযুক্তিকরণকেই তুলে ধরে। এই ক্ষেত্রগুলির উপর বেশ কিছু সংখ্যক চুক্তি স্বাক্ষরের মধ্য দিয়ে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করবে এই সফর। অস্ট্রেলীয় প্রধানমন্ত্রীর সফরকালে তাঁর অনুসঙ্গী হবে শিক্ষাক্ষেত্রের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল।

পুনর্বিকরণ শক্তি, স্বচ্ছ কয়লা, জৈব জ্বালানির মতো ক্ষেত্রগুলিতে সহযোগিতা নিয়ে আলোচনা হবে এই সফরে।

নয়াদিল্লি

এপ্রিল ০৬, ২০১৭